

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৩৩৩

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفصل الثاني

আরবী

وَعَنْ أَبِي كَبْشَةَ قَالَ: كَانَ كِمَامُ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَطْحًا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ مُنْكَرٌ

বাংলা

৪৩৩৩-[৩০] আবু কাবশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের টুপি ছিল চ্যাপটা। (তিরমিযী এবং তিনি বলেছেনঃ এ হাদীসটি মুনকার।)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিযী ১৭৮২।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে “আবু সাঈদ” তার নাম ‘আবদুল্লাহ ইবনু বুসর, হাদীস বিশারদদের নিকট তিনি একজন য'ঈফ রাবী। দেখুন- তিরমিযী ১৭৮২ নং হাদীসের আলোচনা এবং তুহফাতুল আহওয়াযী ৫/৩৯০-৩৯২ নং পৃঃ, ১৭৮২ নং হাদীসের আলোচনা দ্রঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কِمَام শব্দটি كمة এর বহুবচন, এর অর্থ টুপি। এ শব্দটির ব্যাখ্যা দিতে গিয়ে মিরকাতুল মাফাতীহ গ্রন্থকার বলেন, وهى الفلنسة المدورة গোলাকার টুপি বিশেষ, যা মাথাকে আবৃত করে রাখে।

بطحا শব্দের অর্থ সমতল বা প্রশস্ত ভূমি। এখানে টুপির চওড়া বা প্রশস্ত ছাদকে বুঝানো হয়েছে যা উঁচু হয়ে থাকে না, বরং সমতল বা চ্যাপ্টা হয়ে মাথার সাথে লেগে থাকে। কেউ কেউ বলেছেন, كِمَام শব্দটি كم এর বহুবচন, যেমন قفاف এর অর্থ উঁচু টিলা, অনুরূপ كِمَام এর অর্থ উঁচু টুপি।

بطح এর অর্থ প্রশস্ত, ভারতীয় এবং রুমী টুপিগুলো যেমন সংকীর্ণ এমনটি নয়। বরং এর প্রশস্ততা প্রায় এক বিঘত পরিমাণ। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি মুনকার বলায় বিস্তারিত ব্যাখ্যা পরিহার করা হলো।]
[সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু কাবশাহ্ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75057>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন